৫৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 NOV 1996
পৃষ্ঠা ২ কলাম ২

# জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রী বিশেষ পরীক্ষার ফল প্রকাশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৫ সালের ডিগ্রী (পাস) বিশেষ এবং সার্টিফিকেট কোর্স বিশেষ পরীক্ষার ফল শনিবার প্রকাশিত হয়েছে। ১৯৯৫ সালে বিএ, বিএসএস, বিকম, বিএসসি

*(১৫ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রী

*(প্রথম পাতার পর)*

(পাস ও সাবসিডিয়ারি) বিশেষ এবং সার্টিফিকেট কোর্স বিশেষ পরীক্ষায় মোট ১৯ হাজার ২৭৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৬ হাজার ৬৩৫ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। শতকরা পাসের হার ৩৪ দশমিক ৪২ ভাগ।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৩ ও ১৯৯৪ সালে ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারি) পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য হয়েছিল শুধুমাত্র তাদের জন্যই এ পরীক্ষা গ্রহণ করা হয়।

নিম্নে বিভাগওয়ারী ফল দেয়া হলো—

বিএ (পাস) পরীক্ষায় অংশগ্রহণ করে মোট ১২ হাজার ৪২৩ জন। মোট উত্তীর্ণ হয় ৩ হাজার ৮০০ জন। এর মধ্যে দ্বিতীয় বিভাগে ৫৯৫ জন ও তৃতীয় বিভাগে ৩ হাজার ২০৫ জন উত্তীর্ণ হয়। শতকরা পাসের হার ৩০ দশমিক ৫৯ ভাগ।

বিএসএস (পাস) বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৯৮৪ জন। মোট উত্তীর্ণ হয়েছে ৩৮৩ জন। এর মধ্যে দ্বিতীয় বিভাগে ৪২ জন ও তৃতীয় বিভাগে ৩৪১ জন। পাসের হার শতকরা ৩৮ দশমিক ৯২ ভাগ।

বিকম (পাস) বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২ হাজার ৮৩ জন। মোট উত্তীর্ণ হয় ৬৮৮ জন। এর মধ্যে দ্বিতীয় বিভাগে ৫১ জন এবং তৃতীয় বিভাগে ৬৩৭ জন উত্তীর্ণ হয়। পাসের হার ৩৩ দশমিক শূন্য ২ ভাগ। উপরোক্ত তিনটি বিভাগেই কেউ প্রথম বিভাগ পায়নি।

বিএসসি (পাস) বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে ১৮০০ জন। উত্তীর্ণ হয়েছে মোট ৭৭৯ জন। এর মধ্যে উত্তীর্ণ হয় প্রথম বিভাগে ২ জন, দ্বিতীয় বিভাগে ২৮৯ জন এবং তৃতীয় বিভাগে ৪৮৮ জন। শতকরা পাসের হার ৪৩ দশমিক ২৮ ভাগ। সার্টিফিকেট কোর্স পরীক্ষায় মোট ৩ জন অংশগ্রহণ করে ২ জন উত্তীর্ণ হয়।

সাবসিডিয়ারি (বিশেষ) পরীক্ষায় মোট অংশগ্রহণ করে ১৯৮৫ জন। উত্তীর্ণ হয়েছে ৯৮৩ জন। পাসের হার ৪৬ দশমিক ৭০ ভাগ।